# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** স্কুলের ক্যান্টিনে বসে মাসুম ও মামুন দুই বন্ধু মিলে ধর্ম নিয়ে আলোচনা করছিল। পৃথিবীতে বিভিন্ন ধর্মের প্রচলন রয়েছে। মামুন মনে করে যে, স্রষ্টা বলতে কিছুই নেই। জীবন পরিচালনার জন্য মানুষের জ্ঞান, বিবেক এবং বুদ্ধিই যথেষ্ট। কিন্তু তার বন্ধু মাসুম দ্বিমত পোষণ করে বলে যে, ইসলাম ছাড়া অন্য কোনো ধর্ম গ্রহণ বা অনুসরণ করা যাবে না, কেননা ইসলামই হলো একটি পরিপূর্ণ জীবনব্যবস্থা। তার এরূপ মনোভাব জেনে তার এলাকার ইমাম সাহেব বলেন, "এর ফলে দুনিয়াতে নৈতিকতার প্রসার ঘটবে এবং সে অনন্তকাল শান্তি লাভ করবে।"

ক. মানবিক মূল্যবোধ কী? ১
খ. শিরককে ক্ষমার অযোগ্য অপরাধ বলা হয় কেন? ২
গ. মামুনের ধারণা শরিয়তের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা করো। ৩
ঘ. মাসুমের মনোভাব চিহ্নিত করে ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

**২.▶** তানভির ও তামজিদ এ বছর এসএসসি পরীক্ষার্থী। তানভির তার সকল কাজে আল্লাহ তায়ালার কাছে সাহায্য চায়। কেননা সে বিশ্বাস করে সকল প্রশংসা ও ইবাদত তাঁরই জন্য নির্ধারিত এবং তিনি সকল গুণের আধার। তামজিদ রীতিমতো লেখাপড়া করে না। সে মনে করে আল্লাহর পাশাপাশি অপর কোনো গুণসম্পন্ন সত্তার কাছে সাহায্য প্রার্থনা করলেই পরীক্ষায় সফল হওয়া যাবে। বাসায় ফিরে বড় ভাই তারিফকে আলাপচারিতায় বিষয়টি জানালে বড় ভাই বলেন, "তোমার মনোভাবটি সঠিক নয়, এজন্য পরকালে তোমাকে জবাবদিহি করতে হবে।"

ক. "শাফাআত" কী? ১
খ. 'খতমে নবুয়তে' বিশ্বাস করতে হবে কেন? ব্যাখ্যা করো। ২
গ. তানভিরের বিশ্বাস শরিয়তের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা করো। ৩
ঘ. তামজিদের মনোভাবটি চিহ্নিত করে বড় ভাই আরিফের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

**৩.▶** আবুল হাসান সালাতে উদাসীন থাকে এবং গৃহস্থালির প্রয়োজনীয় ছোট খাটো বস্তু অন্যকে দেয় না। সে ইয়াতিম ও দুঃস্থদের তাড়িয়ে দেয়। পক্ষান্তরে

আবুল হায়াত মনে করে আল্লাহ তাঁর প্রিয় বান্দারের কখনোই পরিত্যাগ করেন না। পরকালে তিনি তাঁদের কল্যাণময় জীবন দান করবেন। তিনি তাদের সকল বিপদাপদ থেকে রক্ষা করবেন।

ক. فَانْصَبْ 'ফানসাব' শব্দের অর্থ কী? ১
খ. "মানুষের সম্মান ও মর্যাদা সৎকর্মের উপর নির্ভরশীল।" - ব্যাখ্যা করো। ২
গ. আবুল হাসানের কর্মকাণ্ডে কীসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আবুল হায়াতের মনোভাব সূরা আদ-দুহার আলোকে মূল্যায়ন করো। ৪

৪.▶ মাহির ও মারুফ দুই বন্ধু। মাহির মনে করে শরিয়তের জ্ঞানার্জন সকলের জন্য অপরিহার্য। এর মাধ্যমে জীবনের হালাল-হারাম, ফরজ, ওয়াজিবসহ যাবতীয় বিষয়ের জ্ঞান অর্জন করা যায়। পক্ষান্তরে তার বন্ধু মারুফ নিয়মিত সালাত আদায় করে। একদিন ফজরের সালাত আদায়কালে তার কুরআন তিলাওয়াত শোনে তার বড় ভাই বললেন, তোমার কেরাত শুদ্ধ নয়। ফলে তোমার সালাত শুদ্ধ হয়নি। বিষয়টি জানতে পেরে তার বাবা বললেন, "তোমাকে অবশ্যই তিলাওয়াত শুদ্ধ করতে হবে। কেননা তা সবার জন্য বাধ্যতামূলক।

ক. 'কাতিবে ওহি' কী? ১
খ. 'সনদ' বলতে কী বোঝ? ২
গ. মাহিরের মনোভাব কীরূপ? ব্যাখ্যা করো। ৩
ঘ. মারুফের তিলাওয়াত কিসের অভাব পরিলক্ষিত হয়েছে তা চিহ্নিত করে তার বাবার বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

৫.▶ সাজ্জাদ ও সাব্বির দুই সহপাঠী। সাজ্জাদ সর্বদা সত্য কথা বলে, ওয়াদা পালন করে, মানব সেবা করে এবং পরিস্কার-পরিচ্ছন্ন থাকে। অন্যদিকে তার সহপাঠী সাব্বির নামায পড়লেও রোযা রাখতে সে অনিচ্ছুক। সারাদিন না খেয়ে থাকাটা তার কাছে অসহ্য বলে মনে হয়। সে মনে করে সালাত পড়লেই আল্লাহর সন্তুষ্টি অর্জন সম্ভব। সাব্বিরের একথা শুনে সম্মানিত খতিব বললেন, 'সালাত যেমন ফরজ, রোযাও তেমনি ফরজ।"

ক. 'নৈতিকতা' কী? ১
খ. ইসলামে ইল্‌ম অর্জন করা ফরজ কেন? ব্যাখ্যা করো। ২
গ. সাজ্জাদের কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা করো। ৩
ঘ. সাব্বিরের মনোভাবটি চিহ্নিত করে সম্মানিত খতিব সাহেবের উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬.▶ আম্মার সাহেব বড় ব্যবসায়ী। ২০১৭ সালে পূর্ণ এক বছর ধরে আম্মার সাহেবের নিকট ৭০ লক্ষ ৫০ হাজার টাকা ছিল। তিনি যাকাত দেওয়ার ইচ্ছা করলেন এবং যাকাত বাবদ ৭০ হাজার টাকা গরিবদের মাঝে বিতরণ করলেন। আম্মার সাহেবের যাকাতের টাকার পরিমাণের কথা জেনে বিশিষ্ট আলেম নূরুল্লাহ সাহেব বললেন, "হিসাব করে নির্ধারিত পরিমাণ যাকাত না দিলে যাকাত আদায় হবে না।

TeachingBD24.com

ক. 'মুযদালিফা' কী? ১
খ. শ্রমিকের গায়ের ঘাম শুকানোর পূর্বেই তার পারিশ্রমিক দিতে হবে কেন? ২
গ. আম্মার সাহেবের কর্মে কোন ধরনের ইবাদতের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. আম্মার সাহেবকে কত টাকা যাকাত দিতে হতো? তোমার উত্তরের সপক্ষে প্রমাণ উপস্থাপন করো। ৪

৭.▶ আবিদ সাহেব ও আমির সাহেব একই এলাকার অধিবাসী। আবিদ সাহেব আল্লাহ তায়ালার ভয়ে প্রকাশ্যে ও গোপনে সকল প্রকার অন্যায় ও পাপ কাজ থেকে দূরে থাকেন। তিনি মনে করেন আল্লাহ তায়ালা সবকিছু দেখেন ও জানেন। পক্ষান্তরে আমির সাহেব কথা দিয়ে কথা রাখেন না এবং কোনো প্রতিজ্ঞা করলে তা পূরণ করেন না। বিষয়টি জানতে পেরে আমির সাহেবের চাচা বলেন, তোমার কাজটি সঠিক হয়নি। কেননা, এরকম হলে তোমার সঙ্গে অন্যরাও প্রতিজ্ঞা পূরণ করবে না এবং পরকালেও তোমাকে শাস্তি পেতে হবে।

ক. 'হুসনুল খুলক' কী? ১
খ. আমানত রক্ষা করতে হবে কেন? ব্যাখ্যা করো। ২
গ. আবিদ সাহেবের কাজ কীসের অন্তর্ভুক্ত। ব্যাখ্যা করো। ৩
ঘ. আমির সাহেবের কর্মকাণ্ড চিহ্নিত করে তার চাচার বক্তব্যটি কুরআন হাদিসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮.▶ জামিল ও জাবির দুই বন্ধু। জামিল নিয়মিত ইবাদত-বন্দেগির পাশাপাশি বছরান্তে সম্পদের হিসাব করে গরিব-মিসকিনদের মধ্যে নির্দিষ্ট অংশ বিতরণের মাধ্যমে তার উপর অর্পিত ফরজ ইবাদত আদায় করেন। অপরদিকে তার বন্ধু জাবির একজন ওষুধ ব্যবসায়ী। তিনি তার দোকানে ন্যায্যমূল্যের সাইনবোর্ড লাগিয়ে মানুষকে মেয়াদোত্তীর্ণ ওষুধ দিয়ে অতিরিক্ত টাকা আদায় করেন। বিষয়টি জানতে পেরে ইমাম সাহেব বলেন, "আপনার কাজটি সঠিক নয়। কেননা আপনার এরূপ কাজের মাধ্যমে সমাজে পাপাচার সমৃদ্ধি পাবে এবং পরকালে শাস্তি ভোগ করতে হবে।"

ক. 'তাযকিয়াতুল নাফস' কী? ১
খ. "তারা (নারীগণ) তোমাদের ভূষণ আর তোমরা তাদের ভূষণ'— আয়াতের মর্মার্থ ব্যাখ্যা করো। ২
গ. জামিল সাহেব কর্তৃক আদায়কৃত ইবাদতটি কীরূপ? ব্যাখ্যা করো। ৩
ঘ. জাবিরের চরিত্রে আখলাকে যামিমার কোন বৈশিষ্ট্য বিদ্যমান তা চিহ্নিত করে ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

৯.▶ রাইয়ান সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি এলাকার মানুষকে ঋণ দিয়ে মূল পরিমাণের চেয়ে অতিরিক্ত অর্থ আদায় করে থাকেন। কিন্তু তার ভাই

https://teachingbd24.com

রাইহান লেখাপড়া শেষ করেও কর্মহীন জীবনযাপন করছে। কেউ তাকে কোনো কাজে নিযুক্ত হওয়ার পরামর্শ দিলে সে উত্তরে বলে- কোনো কাজই আমার ভালো লাগে না। বিষয়টি জানতে পেরে তার বড় ভাই বলেন, - "তোমার মনোভাবটি সঠিক নয়। কেননা এরকম হলে কেউ তোমাকে ভালোবাসবে না এবং তোমার আত্মসম্মানবোধ লোপ পাবে এবং তুমি হতাশ হয়ে পড়বে।"

ক. 'হাসাদ' অর্থ কী? ১
খ. 'ফিতনা হত্যার চেয়েও জঘন্য কেন।" ব্যাখ্যা করো। ২
গ. রাইয়ান সাহেবের কর্মকাণ্ডের পরিচয় পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. রাইয়ানের কর্মকাণ্ড চিহ্নিত করে তার বড় ভাইয়ের বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১০.▶ জনাব আরিফুর রহমান শাহ্বাজপুর ইউনিয়নের চেয়ারম্যান। তিনি ইউনিয়নের সার্বিক উন্নয়নে অত্যন্ত তৎপর। ন্যায়বিচারের স্বার্থে তিনি আপনপর পার্থক্য করেন না। তিনি সংশ্লিষ্ট সকলের সাথে পরামর্শ করে কাজ করেন। তাঁর ইউনিয়নের একটি গ্রামে চুরি-ডাকাতি ও বিশৃঙ্খলা বেড়ে গেলে স্থানীয় মেম্বর জনাব আবিদুর রহমান গ্রামে যুবকদের নিয়ে একটি শান্তি সংঘ গড়ে তোলেন। মুরব্বিদের সহযোগিতায় ঐ যুবসংঘ গ্রামে বিশৃঙ্খলা দূর করে শান্তি স্থাপন করতে সক্ষম হয়।

ক. 'যুল হুলাইফা' কী? ১
খ. হযরত আলি (রা) কে আসাদুল্লাহ' বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আরিফুর রহমানের পদক্ষেপটি মহানবি (স) এর কোন উদ্যোগের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আবিদুর রহমানের কর্মতৎপরতা হযরত উমর (রা) এর জীবনাদর্শের আলোকে মূল্যায়ন করো। ৪

১১.▶ প্রধান শিক্ষক হাসান সাহেব তার ছাত্র হারিসকে উদ্দেশ্য করে বলেন যে, 'শিক্ষা অর্জনের ক্ষেত্রে নির্দিষ্ট কোনো বয়স নেই।" তুমি কি শুননি একজন মহান মনীষী ১৭ বছর বয়স থেকে জ্ঞান সাধনা আরম্ভ করেও অতি অল্প সময়ের মধ্যে হাদিস তাফসির, ফিকহ্সহ বিভিন্ন বিষয়ে গভীর পাণ্ডিত্য অর্জন করেছিলেন। তিনি ফিকহ্ শাস্ত্রের উদ্ভাবকও ছিলেন। তিনি আরও বলেন যে, 'সকল শিক্ষার্থীর নিয়মিত স্কুলে যাওয়া উচিত। সর্বাবস্থায় শৃঙ্খলা বজায় রাখা ও শিক্ষকের আদর্শ মেনে চলা উচিত।'

ক. 'হারবুল ফিজার' কী? ১
খ. হযরত উসমান (রা)কে জামিউল কুরআন' বলা হয় কেন? ২
গ. প্রধান শিক্ষক হাসান সাহেব কোন মুসলিম মনীষীর জ্ঞান সাধনার বর্ণনা দিয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. শিক্ষকের সর্বশেষ বক্তব্যটি একজন আদর্শ শিক্ষার্থীরূপে গড়ে ওঠার ইঙ্গিত বহন করে - মন্তব্য করো। ৪

https://teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : ১ ১ ১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **সুদ কোন ভাষার শব্দ?**
ⓚ আরবি ⓛ বাংলা
ⓖ হিন্দি ⓘ ফারসি

২. **মুন্নার মাসিক বেতন প্রয়োজনের তুলনায় কম হওয়া সত্ত্বেও আল্লাহর ভয়ে অন্যায়ভাবে উপার্জন করে না। মুন্নার কর্মকাণ্ডে লক্ষ করা যায়—**
i. তাকওয়া
ii. আত্মশুদ্ধি
iii. সামাজিক অসম্মান ও জাহান্নামের শাস্তির ভয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৩. **স্যার আইজ্যাক নিউটন জন্মগ্রহণ করেন—**
ⓚ ১৫৪০ সালে ⓛ ১৬৪২ সালে
ⓖ ১৭১৭ সালে ⓘ ১৪৭২ সালে

৪. **বিজ্ঞানের মূল কী?**
ⓚ রসায়ন ⓛ ভূগোল
ⓖ গণিত ⓘ পদার্থ

৫. **অনধিক ৩৬৫টি গ্রন্থ রচনা করে জ্ঞান-বিজ্ঞানের ভাণ্ডারকে সমৃদ্ধ করেন কে?**
ⓚ ইবনে সিনা
ⓛ জুননুন মিসরি
ⓖ আল কাসি
ⓘ আল কিন্দি

**নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**
বিখ্যাত হাদিস বিশারদ ইমাম বুখারি (র.) কে রাজ দরবারে হাদিস শোনানোর জন্য ডেকে পাঠানো হলে তিনি এ কাজটিকে হাদিসের অবমাননা মনে করে যেতে রাজি হলেন না। অবশেষে বাদশাহ তাকে বুখারা ত্যাগে বাধ্য করেন।

৬. **উদ্দীপকে কোন বাদশাহর কথা বলা হয়েছে?**
ⓚ বাদশাহ নমরুদ
ⓛ বাদশাহ আহমদ বিন খালিদ
ⓖ বাদশাহ হাজ্জাজ বিন ইউসুফ
ⓘ বাদশাহ খালিদ ইবনে আহমদ

৭. **তোমাকে কেউ হাদিস শোনাতে বাধ্য করলে উল্লিখিত হাদিস বিশারদের অনুসরণে তুমি কী করবে?**
ⓚ প্রকাশ্যে বিরোধিতা করবে
ⓛ মৌনতা অবলম্বন করবে
ⓖ নিজের বসবাসের স্থান ত্যাগ করে সুবিধাজনক স্থানে অবস্থান করবে
ⓘ একতাবদ্ধ হয়ে আন্দোলন করবে

৮. **'আল মুকাদ্দিমা' কার রচনা?**
ⓚ আল কিন্দি
ⓛ ইবনে খালদুন
ⓖ ইবনে হায়সাম
ⓘ আল খারিজমি

৯. **আল্লাহর প্রতি অনুরাগ সৃষ্টি করে কোনটি?**
ⓚ তাওহিদ ⓛ আখিরাত
ⓖ ইমান ⓘ ইসলাম

১০. **কোন বিশ্বাস মানুষকে ইবাদত ও সৎকাজে উৎসাহিত করে?**
ⓚ আখিরাতে বিশ্বাস
ⓛ তাওহিদে বিশ্বাস
ⓖ আসমানি কিতাবে বিশ্বাস
ⓘ রিসালাতে বিশ্বাস

১১. **দীন অর্থ-**
i. জীবনব্যবস্থা
ii. ধর্ম iii. কিয়ামত দিবস
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii
ⓖ i ও ii ⓘ i, ii ও iii

১২. **জাহান্নামিদের খাদ্য হবে—**
i. বড় বড় কাটাযুক্ত বৃক্ষ
ii. উত্তপ্ত রক্ত
iii. পুঁজ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

১৩. **নিঝুম কুরআন নিয়ে ঠাট্টা উপহাস করে। ইসলামের আলোকে নিঝুম অভিহিত হবে—**
ⓚ কাফির হিসেবে ⓛ মুশরিক হিসেবে
ⓖ মুনাফিক হিসেবে ⓘ পাপী হিসেবে

১৪. **কে সাক্ষ্য দিচ্ছেন যে মুনাফিকরা নিঃসন্দেহে মিথ্যাবাদী?**
ⓚ আল্লাহ ও রাসুল
ⓛ আল্লাহ, রাসুল ও ফেরেশতা
ⓖ আলেমগণ ⓘ মহান আল্লাহ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
রবিউল অবাধ্যতা ও পাপাচারের পরিণতি জেনেও তা থেকে বিরত থাকেন। তাকে পূর্ববর্তী অনেক উন্নত সমৃদ্ধ জাতির অবাধ্যতা ও তাদের ধ্বংসের কথা মনে করিয়ে দিলে সে তুচ্ছ-তাচ্ছিল্য করে।

Teachingbd24.com

১৫. কোন সূরার শিক্ষার অভাবে রবিউল পাপ থেকে বিরত থাকে না?
ক) সূরা আদদুহা
খ) সূরা আল ইনশিরাহ
গ) সূরা আশ-শামস
ঘ) সূরা আততীন

১৬. পাপাচারের ফলে রবিউলের পরিণতি হবে—
i. দেশ থেকে বহিষ্কৃত হবে
ii. চরম ব্যর্থ ও ধ্বংস হবে
iii. চিরস্থায়ী জাহান্নামি হবে
নিচের কোনটি সঠিক?
ক) i
খ) i ও ii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

১৭. কোন সূরায় উম্মাতে মুহাম্মদিকে মধ্যপন্থি জাতি রূপে প্রতিষ্ঠিত করার কথা বলা হয়েছে?
ক) সূরা আলে ইমরান
খ) সূরা আল বাকারা
গ) সূরা আন-নিসা
ঘ) সূরা আল আনআম

১৮. তাহসিন হজ করতে গিয়ে অসুস্থতাজনিত কারণে আরাফাতের মাঠে উপস্থিত হতে পারেনি। তাহসিনকে এখন কী করতে হবে?
ক) অতিরিক্ত দম দিতে হবে
খ) অতিরিক্ত দম দিতে হবে এবং তওবা করতে হবে
গ) সামর্থ্য থাকলে পরে হজ আদায় করতে হবে
ঘ) শুধু আন্তরিকভাবে অনুশোচনা করতে হবে

১৯. মহানবি (স) কে সান্ত্বনা প্রদান করে কোন সূরা নাজিল হয়?
i. সূরা আদ-দুহা
ii. সূরা আল-ইনশিরাহ
iii. সূরা আল-কাওসার
নিচের কোনটি সঠিক?
ক) i
খ) i ও ii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২০. কুরআন শিক্ষা দানের জন্য মহানবি (স) কাকে মদিনায় প্রেরণ করেন?
ক) হযরত যায়েদ ইবনে সাবিত (রা) কে
খ) হযরত উম্মে মাকতুম (রা) কে
গ) হযরত মুয়াজ ইবনে জাবাল (রা) কে
ঘ) হযরত মুসআব (রা) কে

২১. 'আল্লাহর কসম তিনি আমাকে বকাবকি করেননি, মারেননি এবং গালমন্দও করেননি।' কথাটি কে বলেছেন?
ক) আল্লামা ওয়াকি (র)
খ) ইমাম শাফেয়ি (র)
গ) ইয়াযিদ ইবনে হারুন (র)
ঘ) মুয়াবিয়া ইবনুল হাকাম (রা)

২২. জিহাদ শব্দের অর্থ কী?
ক) যুদ্ধ করা
খ) পরিশ্রম করা
গ) কষ্ট না করা
ঘ) ইসলামের শত্রুদের হত্যা করে রক্তপাত ঘটানো

২৩. 'ছাত্রের একমাত্র বৈশিষ্ট্য হলো সকল পাপ কাজ বর্জন করা।'— কথাটি বলেছেন—
ক) ইমাম আবু হানিফা (র)
খ) ইমাম শাফেয়ি (র)
গ) আল্লামা ওয়াকি (র)
ঘ) ইমাম মুসলিম (র)

২৪. যাকাত মানুষের মনে খোদাভীতি সৃষ্টি করে। এটি যাকাতের—
ক) ধর্মীয় গুরুত্ব
খ) নৈতিক গুরুত্ব
গ) সামাজিক গুরুত্ব
ঘ) অর্থনৈতিক গুরুত্ব

২৫. আজিম সাহেব লন্ডন থেকে উচ্চতর ডিগ্রি অর্জন করে দেশের বেকার মানুষদের সবজি উৎপাদনের প্রশিক্ষণ দিচ্ছেন। তার অর্জিত জ্ঞানকে কী বলে?
ক) বিশেষ জ্ঞান
খ) উপকারী জ্ঞান
গ) দীনি জ্ঞান
ঘ) দুনিয়াবি জ্ঞান

২৬. হজের ফরজ হলো-
i. তাওয়াফ কুদুম
ii. তাওয়াফে যিয়ারত
iii. তাওয়াফুল বিদা
নিচের কোনটি সঠিক?
ক) i
খ) ii
গ) ii ও iii
ঘ) i ও iii

২৭. 'স্বদেশপ্রেম ইমানের অঙ্গ।'— কার বাণী?
ক) আল্লাহর
খ) মহানবির (স)
গ) আরব কবির
ঘ) প্রবাদ

২৮. 'যে বিষয়ে তোমার জ্ঞান নেই তার অনুসরণ করো না।'— এ বাণীটি আছে—
ক) সূরা আল বাকারায়
খ) সূরা বনি ইসরাইলে
গ) সহিহ বুখারিতে
ঘ) সহিহ মুসলিমে

২৯. কোন গুণটি মানুষকে নানা সৎগুণে ভূষিত করে?
ক) কর্তব্যপরায়ণতা
খ) পরিচ্ছন্নতা
গ) আত্মশুদ্ধি
ঘ) মিতব্যয়িতা

৩০. জাতীয় ঐক্য, সংহতি ও উন্নতির পথে অন্তরায় কোনটি?
ক) হিংসা
খ) ফিতনা
গ) গিবত
ঘ) কর্মবিমুখতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com